

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.mole.gov.bd


বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার
কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মহিদুর রহমান
যুগ্মসচিব
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
সভার তারিখ : ২৬ এপ্রিল, ২০২২
সময় : সকাল ১১:০০ ঘটিকায়

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২-এ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ও শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। তিনি লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে যথাযথভাবে কার্যক্রম বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। সভায় শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সিনিয়র সহকারী সচিব ড. অশোক কুমার বিশ্বাস বলেন, দপ্তর/সংস্থার সময়াবদ্ধ কার্যক্রম যথাযথভাবে পরিবীক্ষণ করা হচ্ছে। অতঃপর দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ, ২০২২) প্রতিবেদন পৃথক পৃথকভাবে সভায় উপস্থাপন করেন। এতে দেখা যায় দু'একটি লক্ষ্যমাত্রা ব্যতীত সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সভাপতি দপ্তর/সংস্থাগুলোর ২০২১-২০২২-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। পর্যালোচনান্তে দপ্তর/সংস্থার শুদ্ধাচার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী দপ্তর/সংস্থার ১০০% লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।
 - (খ) ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কোয়ার্টারের বাস্তবায়িত প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। একই সঙ্গে মাঠপর্যায়/আঞ্চলিক/জেলা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের দিকে লক্ষ্য রাখতে হবে।
 - (গ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার তনং কার্যক্রমের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক উল্লিখিত ৫টি কার্যক্রম যথানিয়মে বাস্তবায়ন করতে হবে।
 - (ঘ) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন এবং আওতাধীন আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা করতে হবে।
 - (ঙ) সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ এবং তথ্য আপলোড করতে হবে;
 - (চ) সকল দপ্তর/সংস্থার আওতাধীন আঞ্চলিক কার্যালয়/মাঠপর্যায়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রম অনুযায়ী যথাযথ বাস্তবায়ন ও পরিবীক্ষণ জোরদার করতে হবে;
 - (ছ) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও তাঁর মাঠপর্যায়/আঞ্চলিক কার্যালয়ে নিয়মিতভাবে স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করতে হবে;
- ২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ মহিদুর রহমান
যুগ্মসচিব

ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়